ভ্রাম্যমাণ আদালতের অভিযান ১ প্রতিষ্ঠাকে জরিমানা

জিএম কিবরিয়া, দুর্গাপুর, রাজশাহী ::

রাজশাহীর দুর্গাপুরে ১ টি তেলের দোকানে অভিযান চালিয়ে ৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

২৪ ডিসেম্বর (বুধবার) উপজেলার আলিপুর বাজারে এই অভিযান পরিচালিত হয়। এসময় খোলা অবস্থায়, রাস্তার পাশে জ্বালানী তৈল বিক্রি, মেয়াদোত্তীর্ণ বিস্ফোরক লাইসেন্স, সহ নানা নিয়মভঙ্গের দায়ে জরিমানা করা হয়েছে।
সহকারী কমিশনার ভূমি ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট লায়লা নূর তানজুর নেতৃত্বে দুর্গাপুর থানা পুলিশের সহযোগীতায় এই ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানে “স্বাধীন এন্টারপ্রাইজ” এর মালিক মোঃ স্বাধীন ইসলামকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

ভ্রাম্যমাণ আদালতে নিযুক্ত লায়লা নূর তানজু জানান, ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫২ ধারা অনুযায়ী একটি প্রতিষ্ঠানকে ৫ হাজার টাকা অর্থ-দন্ড প্রদান করা হয়েছে। কয়েকটি প্রতিষ্ঠানকে সতর্ক করা হয়েছে। এধরণের অভিযান অব্যাহত থাকবে।